

**কম্পিউটার ক্রয় কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, বাঘারপাড়া, যশোর এর সভার কার্য-বিবরণী :**

স্থান : উপজেলা সমবায় অফিসার এর অফিস কক্ষ।

তারিখ : ২৪/০২/২০২০ খ্রিঃ।

সময় : সকাল ১১টা।

**সভার উপস্থিতি তালিকা :**

ক্রঃ নং	কর্মকর্তাগণের দপ্তরের নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
১	মোঃ কামরুজ্জামান শিকাদার, উপজেলা নির্বাচন অফিসার, বাঘারপাড়া, যশোর	২৪/০২/২০
২	অজয় কুমার পাল, সহকারী প্রোগ্রামার(ICT), উপজেলা তথ্য ও প্রযুক্তি দপ্তর, বাঘারপাড়া, যশোর	২৪/০২/২০
৩	মোঃ জাহিদুর রহমান, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, বাঘারপাড়া, যশোর।	২৪/০২/২০

জনাব মোঃ কামরুজ্জামান শিকাদার, উপজেলা নির্বাচন অফিসার, বাঘারপাড়া, যশোর ও সভাপতি কম্পিউটার ক্রয় কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, বাঘারপাড়া, যশোর এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হলো।

আলোচ্য বিষয় :


১। কম্পিউটার ক্রয় সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : এ বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, উপজেলা সমবায় কার্যালয়, বাঘারপাড়া, যশোর এর দাপ্তরিক ব্যবহারের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরে কম্পিউটার ক্রয় খাতে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা সরকারী বরাদ্দ পাওয়া গেছে এবং বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা থেকে কম্পিউটার ক্রয় করার জন্য নির্দিষ্ট স্পেসিফিকেশন প্রদান করা হয়েছে। তিনি জানান যে, বর্ণিত বরাদ্দকৃত টাকার মধ্যে প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী ০১টি ডেস্কটপ কম্পিউটার ক্রয় করা অতীব প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে স্থানীয় প্রকৃত কম্পিউটার ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট থেকে কম্পিউটার ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত :

১. উপজেলা সমবায় কার্যালয়, বাঘারপাড়া, যশোর এর দাপ্তরিক ব্যবহারের জন্য সর্বসম্মতিক্রমে নির্দিষ্ট স্পেসিফিকেশন মোতাবেক ০১টি ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
২. বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী স্থানীয় প্রকৃত কম্পিউটার ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট থেকে ক্রয়ের উদ্দেশ্যে দরপত্র আহ্বান করার জন্য ক্রয় কমিটির সভাপতি সাহেবকে সর্বসম্মতিক্রমে ক্ষমতা অর্পণ করা হলো।

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সাহেব সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ কামরুজ্জামান শিকাদার)  
সভাপতি  
কম্পিউটার ক্রয় কমিটি  
ও  
উপজেলা নির্বাচন অফিসার  
বাঘারপাড়া, যশোর।